# সন্ধ্যায় বঙ্গভবনে শপথ, মন্ত্রিসভায় আসছেন ৬ জন




সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের মন্ত্রিসভায় আরও ছয়জনকে অন্তর্ভুক্ত করার প্রস্তুতি চলছে। শুক্রবার (২১ আগস্ট) সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে তাদের শপথ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর তাদের শপথ পাঠ করাবেন।

মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট সূত্রের বরাতে জানা গেছে, নতুন ছয়জনের মধ্যে চারজনের নাম ইতোমধ্যে জানা গেছে। এ তালিকায় তিনজন মন্ত্রী ও একজন প্রতিমন্ত্রী রয়েছেন।

তাদের মধ্যে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খান এমপি, জাতীয় পার্টির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ এমপি এবং বান্দরবান থেকে নির্বাচিত সংসদ সদস্য সাচিং প্রু জেরীর নাম রয়েছে। প্রতিমন্ত্রী হিসেবে গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকনের নামও রয়েছে।

LENS ASIA

সূত্র বলছে, সম্ভাব্য নতুন মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের কয়েকজনের সঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগ ইতোমধ্যে যোগাযোগ করেছে। তাদের সন্ধ্যায় বঙ্গভবনে উপস্থিত থাকতে বলা হয়েছে।

একই সঙ্গে সরকারের কয়েকটি মন্ত্রণালয়ে দায়িত্ব পুনর্বণ্টন বা পরিবর্তনের সম্ভাবনাও রয়েছে। এর মধ্যে বিমান, কৃষি, খাদ্য, বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নাম আলোচনায় রয়েছে।

রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম জানান, শপথ অনুষ্ঠান ঘিরে বঙ্গভবনের দরবার হলের সব প্রস্তুতি শেষ হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ অনুষ্ঠানটি পরিচালনা করবে।

মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের তথ্য অনুযায়ী, শপথ অনুষ্ঠানকে কেন্দ্র করে ১ হাজার ২০০ জনের বেশি অতিথিকে আমন্ত্রণ জানানো হয়েছে।